

কবিতা টি পড়ে ভাল লেগেছে। আপাতত এটুকু প্রতিক্রিয়া।

কবিতাটি'র নন্দনতাত্ত্বিক -ছন্দতাত্ত্বিক বিশ্লেষণ, আধুনিক সাহিত্য তত্ত্বের আলোকে সমালোচনা, কবিতাটি **Great** না **Good**, কিংবা এটি আদৌ কবিতা হয়েছে কিনা সেটা পড়ে হবে।

আচ্ছা, “আমি কবি নই” -এই উক্তি'র মাজেজা কি? এটা কি বিনয়? অভিজিত নিঃসন্দেহে একজন বিনয়ী কিন্তু এটা নিছক বিনয় না সংশয় সে ব্যাপারে আমার নিজেরই সংশয় আছে।

যদি ধরেও নেই এটাই আমাদের মুক্তমনা সুহৃদ এর প্রথম প্রকাশিত কবিতা, তাতেই কি প্রমানিত হয় সে কবি নয়। এমন অনেক তথাকথিত কবি এদেশে রয়েছে, যাদের প্রকাশিত কবিতা অজস্র কিন্তু তার মধ্যে প্রকৃত কবিতার সংখ্যা শূন্য।

তাছাড়া কবিতা এর আগে না লিখলেই বা কি আমরা তো তার ঝরঝরে গদ্যের মধ্যেও দেখেছি তার কাব্যিক ঢং ওতার কাব্য প্রীতি তো বলা বাহুল্য।

আজ এই পর্যন্ত থাক।

নুরুজ্জামান মানিক
জুলাই ১৮, ২০০৭